

# রাত্রে পড়াশোনায় শিক্ষার্থীদের মনোযোগ ও র্যাগ ডে-র বিশৃঙ্খলা রোধে পদক্ষেপ জানতে চায় মাউশি

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৬ মার্চ ২০২৬, ১৬:৪১



মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। ছবি: সংগৃহীত

রাত্রে পড়াশোনায় শিক্ষার্থীদের মনোযোগ বাড়ানো এবং র্যাগ ডে-র নামে বিশৃঙ্খলা ঠেকাতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো কী ধরনের পদক্ষেপ নিয়েছে-তার বিস্তারিত তথ্য জানতে চেয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

 [দৈনিক ইন্ডোফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

রোববার (১৫ মার্চ) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক চিঠিতে এসব পদক্ষেপের তথ্য জানাতে চাওয়া হয়েছে।

চিঠিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষার আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকদের নিজ নিজ অধীনস্থ জেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর কাছ থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আগামী ৩০ মার্চের মধ্যে নির্ধারিত ই-মেইলে পাঠাতে বলা হয়েছে। বিষয়টিকে চিঠিতে ‘অতীব জরুরি’ হিসেবে উল্লেখ করা হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, গত ২৫ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাগুলোর সঙ্গে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা-সংক্রান্ত এক সভার সিদ্ধান্তের আলোকে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সভাটি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

চিঠিতে আরও উল্লেখ করা হয়েছে, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়াতে মাদকবিরোধী ডকুমেন্টারি ও থিম সং প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। পাশাপাশি র্যাগ ডে-র নামে বিশৃঙ্খলা প্রতিরোধ এবং ইভটিজিং ঠেকাতে গৃহীত পদক্ষেপের বাস্তবায়ন অগ্রগতিও জানাতে হবে।

এ ছাড়া শিক্ষার্থীদের রাত্রে পড়াশোনায় উৎসাহিত করতে কী ধরনের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে-সেসব তথ্যও প্রতিবেদনে উল্লেখ করতে বলা হয়েছে।

মাউশি জানিয়েছে, আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকদের অধীনস্থ জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করে একটি সারসংক্ষেপ তৈরি করতে হবে এবং নির্ধারিত ছক অনুযায়ী তা ই-মেইলে (director.mew@gmail.com) পাঠাতে হবে। প্রতিবেদনে অঞ্চল ও প্রতিষ্ঠানের নাম, বাস্তবায়িত পদক্ষেপের শতকরা হার, যেসব প্রতিষ্ঠান বাস্তবায়ন করতে পারেনি তাদের হার ও কারণসহ প্রয়োজনীয় মন্তব্য উল্লেখ করতে হবে।